

স্বাস্থ্য

ডেঙ্গুতে আরও ৪ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ১২৫২



প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক

প্রকাশের তারিখ: শনিবার, ০৫ সেপ্টেম্বর ২০২৬, ১০:৩৪ AM



দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরও চারজনের মৃত্যু হয়েছে। একই সময়ে এডিস মশাবাহিত এই রোগে আক্রান্ত হয়ে নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে ১ হাজার ২৫২ জন।

বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে গতকাল বুধবার সকাল ৮টা থেকে আজ সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টার তথ্য তুলে ধরা হয়েছে।

স্বাস্থ্য অধিদপ্তর জানিয়েছে, চলতি বছরে ডেঙ্গুতে এখন পর্যন্ত মোট ১১১ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি মারা গেছে আগস্ট মাসে, ৪৩ জন। এ ছাড়া জানুয়ারিতে দুজন, ফেব্রুয়ারিতে দুজন, মে মাসে একজন, জুনে ১৩ জন এবং জুলাইয়ে ৩৬ জন মারা গেছেন। সেপ্টেম্বরে এখন পর্যন্ত মৃত্যু হয়েছে ১৪ জনের।

গত ২৪ ঘণ্টায় ঢাকা উত্তর সিটি করপোরেশন এলাকার হাসপাতালগুলোতে ভর্তি হয়েছে ১০১ জন, দক্ষিণ সিটি করপোরেশন এলাকার হাসপাতালগুলোতে ১৩৫ জন এবং ঢাকার দুই সিটি করপোরেশনের বাইরে ভর্তি হয়েছে ২২৭ জন। অন্যান্য বিভাগের মধ্যে বরিশালে ১১৯

জন, চট্টগ্রামে ১৯৪ জন, খুলনায় ২৪৭ জন, ময়মনসিংহে ৮৭ জন, রাজশাহীতে ১০৯ জন, রংপুরে ২৭ জন ও সিলেটে ছয়জন হাসপাতালে ভর্তি হয়েছেন।

স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরের ১ জানুয়ারি থেকে এখন পর্যন্ত দেশে ডেঙ্গু নিয়ে মোট ৩৯ হাজার ৫৩২ জন হাসপাতালে ভর্তি হয়েছেন। তাদের মধ্যে ৩৬ হাজার ৪৬৭ জন সুস্থ হয়ে হাসপাতাল ছেড়েছেন। বর্তমানে দেশের বিভিন্ন হাসপাতালে চিকিৎসাধীন আছেন ২ হাজার ৯৫৪ জন।

এ বিভাগের আরও খবর



ডেঙ্গুতে এক দিনে রেকর্ড ১০ মৃত্যু
গত ২৪ ঘণ্টায় সারা দেশে ডেঙ্গুতে রেকর্ড ১০ জনের মৃত্যু হয়েছে। একই সময়ে দেশের বিভিন্ন হাসপাতালে নতুন করে ভর্তি হয়েছেন ১ হাজার ৯৯৬ জন।



ডেঙ্গুতে মৃত্যু আরও ৯, হাসপাতালে নতুন ভর্তি ১৯০২ জন
প্রতিদিন ডেঙ্গু আক্রান্ত হয়ে মৃত্যের সংখ্যা বাড়ছে। গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৯ জনের মারা গেছে। একই সময়ে ডেঙ্গুতে আক্রান্ত হ...



হাম উপসর্গে আরও ৩ জনের মৃত্যু
হামের গ্রেকোপ এখনো বাড়ছে। সারাদেশে ২৪ ঘণ্টায় হাম উপসর্গে মারা গেছে ৩ জন। একই সাথে সারা দেশে মোট ১ হাজার ৩৫৬ জন আক্রান্ত হয়েছে। গত ১৫ মার্চ থে...



সরকারি হাসপাতালের ৬২ শতাংশ অক্সিজেন প্লাস্টিক অকার্যকর
দেশের সরকারি হাসপাতালগুলোতে স্থাপিত ৯৯টি অক্সিজেন প্লাস্টিক ৬১টিই অকার্যকর। বর্তমানে চালু আছে ৩৮টি। অর্থাৎ সরকারি হাসপাতালের প্রায় ৬২ শতাংশ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/health/denggute-aro-4-jner-mritju-ntun-akrant-1252>